গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক) **প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ :**

১.০	প্রকল্পের নাম	: বিমানবন্দর বাইপাস ইন্টারসেকশন - লালবাগ - সালুটিকর - কোম্পানীগঞ্জ - ভোলাগঞ্জ সড়ককে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প।
২.০	বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
৩.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪.০	প্রকল্পের অবস্থান	: সিলেট জেলার সিলেট সদর, গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলা।
৫.০	প্রকল্পের অনুমোদিত ব্যয়	: ৪৪১৫৩.৭০ লক্ষ টাকা। (সম্পূর্ণ জিওবি অর্থায়ন)
৬.০	প্রকল্পের বাস্তবায়নকাল	: মার্চ ২০১৫- ফেব্রুয়ারী ২০১৮

৭.০ **প্রকল্পের পটভূমিঃ** সিলেট জেলার সিলেট-সালুটিকর-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ সড়কটি সরাসরি মেট্রোপলিটন শহর ও বিমানবন্দর সড়কের সাথে সংযুক্ত। গুরুত্বপূর্ণ এ সড়কের সাথে ভোলাগঞ্জ পাথর কোয়ারী সংযুক্ত, যেখানে দেশের প্রায় ৭০% পাথর আহরিত হয়। উক্ত সড়কে পাথরবাহী ভারী যানবাহন চলাচল করে। তাছাড়া, ভোলাগঞ্জ স্থলবন্দরের মাধ্যমে ভারত থেকে চুনাপাথর আমদানী করা হয়। বর্তমানে সড়কটিতে প্রতিদিন প্রায় ৫০০০ মালবাহী ট্রাক যাতায়াত করে থাকে যার পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষিতে সড়কটি জরুরীভিত্তিতে মেরামত ও উন্নয়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় সিলেট শহরের ওসমানী বিমানবন্দরের বাইপাস সড়ক(৫.০২ কি:মি:) এবং সিলেট-সালুটিকর-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ সড়ক (২৬. ৭৫৬ কি:মি:)সহ মোট ৩১.৭৭৬ কি:মি: সড়ক উন্নয়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ**
প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- সিলেট জেলায় বিমানবন্দর বাইপাস ইন্টারসেকশন - লালবাগ - সালুটিকর - কোম্পানীগঞ্জ - ভোলাগঞ্জ সড়ক উন্নয়নের মাধ্যমে পর্যাপ্ত ও নিরাপদ যাতায়াত ব্যবস্থা গড়ে তোলা এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

৯.০ **প্রকল্পের মূল কার্যক্রম/প্রধান প্রধান অঙ্গ ও ব্যয়ঃ**

(লক্ষ টাকা)

অঙ্গের নাম (পরিমাণসহ)	পরিমাণ	অনুমোদিত ব্যয়
রাজস্ব ব্যয়:		
পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	৩০০.০০
গ্যাস (সিএনজি)	থোক	৬০.০০
স্টেশনারি	থোক	১০.০০
ল্যাবরেটরি টেস্টিং	থোক	২০.০০

অঙ্গের নাম (পরিমাণসহ)	পরিমাণ	অনুমোদিত ব্যয়
সুপারভিশন কনসালটেন্ট	থোক	১৩১.০০
সার্ভে ও সয়েল টেস্ট	থোক	১০০.০০
টেন্ডারিং ও পাবলিকেশন	থোক	২০.০০
উপমোট (রাজস্ব) ব্যয়:		৬৪১.৪০
(খ) **মূলধন ব্যয়:**		
সম্পদ সংগ্রহ		
জিপ	১টি	৭৮.০০
ডাবল কেবিন পিক-আপ	২টি	১২৬.০০
অফিস ইকুইপমেন্ট	থোক	৩০.০০
ফার্নিচার	থোক	২০.০০
পূর্ত কাজ:		
মাটির কাজ		
সড়কবাঁধের মাটির কাজ	৪.২৭ ল:ঘ:মি:	১০৬৭.৫০
সয়েল ট্রিটমেন্ট ওয়ার্ক	৩০০৫৪.০০মি:	৮৮৪৩.৫৯
পেভমেন্ট নির্মাণ:		
ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ (১০.৩০ মিটার)	১৬.৭২১০ কি:মি:	৯০৩০.৫১
রিজিড পেভমেন্ট নির্মাণ	১৩.৩৩৩ কি:মি:	১১২৯২.২৫
সার্ফেস ড্রেনসহ ফুটপাত নির্মাণ	২৯৩৫২ মি:	২৫৪৪.৫২
রক্ষাপ্রদ কাজ:		
কংক্রিট স্লোপ প্রটেকশন সহ (জিওটেক্সটাইল)	১২২২০০.০০ ব:মি:	২০১৬.৩০
টো-ওয়াল	১৩৪২০.০০ মি:	৬৬৭.৬৫
রিটেইনিং ওয়াল	১৪৫৪.০০ মি:	১৫৬৯.০৭
কালভার্ট নির্মাণ-২টি (৩.০০ মি:)	৬.০০ মি:	৩০.০০
ব্রীজ নির্মাণ	৭৫.০০ মি:	৭৫০.০০
ইন্টার সেকশন নির্মাণ	১টি	৫০.০০
বাস-বে (রিজিড পেভমেন্ট) ডিভাইডারসহ	৬টি	৩৮৪.৩৬
সাইন, সিগন্যাল, কি:মি: পোস্ট, রোড মার্কিং পেইন্ট	থোক	১৩০.০০
বিদ্যমান স্থাপনা অপসারণ	থোক	৩০.০০
ইউটিলিটি অপসারণ	থোক	৫০০.০০
নির্মাণকালীন রক্ষণাবেক্ষণ	থোক	১৫০০.০০
টোল প্লাজা	থোক	৫০০.০০
সাইট অফিস	থোক	২৫০.০০
উপমোট (মূলধন ব্যয়):		**৪১৪০৯.৭৫**
ফিজিক্যাল কন্টিনজেন্সি	২%	৮৪১.০২
প্রাইস কন্টিনজেন্সি	৩%	১২৬১.৫৩
সর্বমোট (ক+খ+গ+ঘ):		**৪৪১৫৩.৭০**

খ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি TOR

১০.০ **পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ**

- প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়ন, ফিজিবিলিটি স্টাডি ও স্টেক হোল্ডার এনালাইসিস পর্যালোচনা, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ সংস্থান, বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- মাঠ পর্যায়ে প্যাকেজ ভিত্তিক ও BoQ অনুসারে বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি স্থির চিত্রসহ প্রদর্শন ও বিশ্লেষণ;
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (PPR) প্রতিপালন করা হয়েছে কি-না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছিল কি-না তা যাচাই করা;
- মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শন, Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে প্রকল্পের বাস্তব অগ্রগতি ও সম্পাদিত কাজের গুণগতমান সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে);
- প্রকল্পের কন্ট্র্যাক্ট ডকুমেন্ট, BoQ, IPC ও সম্পাদিত কাজের নমুনা পরীক্ষা পূর্বক ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির নির্ধারিত স্পেসিফিকেশন প্রতিপালন করা হয়েছে কি না এ বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান।
- প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমনঃ অর্থ ছাড়ে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন বাস্তব কাজ সম্পাদনের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান (বিআইডব্লিউটিএ এর ক্লিয়ারেন্স, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র, পরিকল্পনা শৃঙ্খলা সংক্রান্ত পরিপত্র, আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত পরিপত্র প্রভৃতি) প্রতিপালন করা হয়েছে কি না যাচাই;
- রিজিড ও ফ্লেক্সিবল পেভমেন্টের তুলনামূলক উপযোগীতা যাচাই;
- প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- প্রকল্পের Work Plan ও Exit Plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- প্রকল্প এলাকার জনগণের দারিদ্র্য নিরসন, আর্থ-সামাজিক উন্নয়ন ও পরিবেশের উপর প্রকল্পের প্রভাব মূল্যায়ন;
- টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির সভায় খসড়া প্রতিবেদন উপস্থাপন ও সভার সুপারিশসমূহ প্রতিপালন;
- উল্লিখিত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসহ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রতিবেদনের অনুমোদন গ্রহণ;
- স্থানীয় পর্যায়ের একটি ও জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Findings) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে মূল্যায়ন প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং